



চ্যাম্বেলরের প্রবিধান

নম্বর: A-802

বিষয়: GPS EQUIPMENT INSTALLATION AND TRAINING AND DRY-RUNS OF BUS ROUTES

শ্রেণী: শিক্ষার্থী পরিবহন

ইস্যুর তারিখ: 20 জুন, 2019

সারসংক্ষেপ

এই প্রবিধান নথিভুক্তিকরণ, যানবাহনের অবস্থান সম্পর্কিত তথ্য রিপোর্ট করা এবং/অথবা এ ধরনের ইকুইপমেন্ট বা ডিভাইস (যন্ত্রপাতি) ব্যবহার সংক্রান্ত প্রশিক্ষণের এবং বাস রুটের পরীক্ষামূলক পরিচালনা সম্পন্ন করার উদ্দেশ্যে বাধ্যতামূলক ইকুইপমেন্ট বা ডিভাইস সংস্থাপন ও ব্যবহারের সাথে সম্পর্কিত নিয়ম-নীতি নিয়ন্ত্রণ করে।

- I. গ্লোবাল পজিশনিং সিস্টেম (বৈশ্বিক অবস্থান নির্ণয় ব্যবস্থা, GPS), সংশ্লিষ্ট ইকুইপমেন্ট (যন্ত্র) এবং শর্তাবলী
 - A. GPS ট্র্যাকিং হলো গ্লোবাল পজিশনিং সফটওয়্যার এবং ইকুইপমেন্ট (যন্ত্র) ব্যবহার করে দূরে থেকে কোনো কিছু বা বিষয়বস্তু কোথায় আছে, তার অবস্থান জানা যায়।
 - B. বোর্ড অভ এডুকেশনের শিক্ষার্থী পরিবহনের জন্য 30 জুন, 2018 বা তার পরবর্তিতে কার্যকর চুক্তিবদ্ধ এবং মেয়াদ বর্ধিতকৃত সকল বাস কোম্পানিকে স্কুল বাসের অবস্থান ও বাসে শিক্ষার্থী আরোহনের খোঁজ রাখা ও তাৎক্ষণিকভাবে অবহিত করা ("ট্র্যাকিং সিস্টেম") এবং এ ধরনের ট্র্যাকিং সিস্টেম শিক্ষার্থী পরিষেবায় নিয়োজিত সকল বাসে বাধ্যতামূলকভাবে 1 জুলাই, 2019-এর পর বোর্ড অভ এডুকেশনের মনোনীত GPS ইকুইপমেন্ট ও সংশ্লিষ্ট সফটওয়্যার সংস্থাপন করতে হবে।
 - C. ট্র্যাকিং সিস্টেম অবশ্যই সবগুলো বাসে সকল স্কুল দিবসে শিক্ষার্থী পরিবহনকালে ব্যবহারোপযোগী হতে হবে, এবং ট্র্যাকিং সিস্টেম-এর অন্তর্ভুক্ত সকল ডেটা বোর্ড অভ এডুকেশনের দায়িত্বপ্রাপ্ত স্টাফ-এর দেখার সুযোগ থাকতে হবে।
- II. সাধারণ প্রশিক্ষণ নীতি এবং প্রাসঙ্গিক শর্তাবলী
 - A. বার্ষিক পর্যালোচনা ও অন্যান্য চুক্তিবদ্ধ প্রশিক্ষণের বাইরে বোর্ড অভ এডুকেশনের শিক্ষার্থী পরিবহনের জন্য 30 জুন, 2018 বা তার পরবর্তিতে কার্যকর চুক্তিবদ্ধ এবং মেয়াদ বর্ধিতকৃত সকল বাস কোম্পানিকে বাধ্যতামূলকভাবে 1 জুলাই, 2019-এর পরে বাস চালক, কর্মচারী, এবং/অথবা শিক্ষার্থী তত্ত্বাবধানকারীদের (সহযোগী) জন্য বাস রুট-এর পরীক্ষামূলক পরিচালনা এবং/অথবা ট্র্যাকিং সিস্টেম ব্যবহারের প্রশিক্ষণের দিন-এর ব্যবস্থা রাখতে হবে।

III. অনুসন্ধান

এই প্রবিধান সংক্রান্ত সকল অনুসন্ধান নিচের ঠিকানায় পাঠাতে হবে:

অফিস অভ পিউপিল ট্রান্সপোর্টেশন

NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন

44-36 Vernon Blvd. – 6th floor

Long Island City, NY 11101

ফোন: 718-707-4343